**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রকের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তোখন সাহু আজ সকালে খোয়াই জেলা প্রশাসন কার্যালয়ে পর্যালোচনা বৈঠক করেন।**

**২) বিএসএফের ৬৮তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এইচআইভি এবং এইডস্ বিষয়ক সচেতনতার বার্তা নিয়ে আজ আগরতলায় বাইক রেলীর আয়োজন করা হয়।**

**৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ হায়দ্রাবাদে লোকমন্থন ২০২৪ এর উদ্বোধনী পর্বে অংশগ্রহণ করেন ।**

**৪) মুস্তাক আলী ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের খেলা আগামীকাল থেকে ইন্দোরে শুরু হচ্ছে।**

*******************************************

**Central Minister-Khowai :**

কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রকের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তোখন সাহু আজ সকালে খোয়াই জেলা প্রশাসন কার্যালয়ে পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে উপস্থিত ছিলেন খোয়াই জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক সাজু ভাহিদ এ, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী ও সুমিত কুমার পান্ডে, জেলার দুই মহকুমার মহকুমা ম্যাজিস্ট্রেট, জেলার সমস্ত সরকারি দপ্তরের আধিকারিকরা। বৈঠকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির বাস্তবায়নের খোঁজখবর নেন মন্ত্রী। জেলায় বিভিন্ন সরকারি প্রকল্পের  সুবিধাভোগীরা সঠিকভাবে সুবিধা পাচ্ছেন কিনা

সে বিষয়েও খোঁজখবর নেন তিনি। পরে সংবাদমাধ্যমকে তিনি জানান, সরকারের গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তিনি বলেন এই রাজ্যের জনসাধারণের বিভিন্ন দাবি ও চাহিদা পূরণের জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকার আন্তরিক ভাবে কাজ করছে।

*****************************

**BSF Bike Rally :**

সীমান্ত রক্ষী বাহিনী বিএসএফ এর ৬৮তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এইচ আই ভি এবং এইডস বিষয়ক সচেতনতার বার্তা নিয়ে আজ আগরতলায় বিএসএফ-এর উদ্যোগে এক বাইক র‍্যালির আয়োজন করা হয়। সকালে আগরতলার এলবার্ট এক্কা পার্কে এক অনুষ্ঠানে রাজ্যপুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন পতাকা নেড়ে বাইক র‍্যালির সুচনা করেন। উপস্থিত ছিলেন, বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই জি পিযূষ প্যাটেল পুরুষোত্তম দাস, সিআর পি এফ- এর আই জি, ডি এল গোলা। র‍্যালিটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে বিশালগড় মহকুমার গকুলনগরে বিএসএফ সেক্টর হেডকোয়ার্টারে গিয়ে শেষ হয়। বাইক র‍্যালিতে তিন শতাধিক বিএসএফ জওয়ান, মহিলা বিএসএফ, সিআরপিএফ জওয়ান অংশ নেন। পরে এক বার্তায় রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন সংবাদ মাধ্যমের কাছে বিএসএফ-এর ভুমিকার প্রশংসা করে বলেন, বিএসএফ দেশের সীমান্ত রক্ষার পাশাপাশি, অনুপ্রবেশ রোধ, পাচার রোধ, যুদ্ধ বিগ্রহ ইত্যাদি বিভিন্ন জাতীয় সমস্যা মোকাবেলায় গুরুত্বপূর্ণভাবে দায়িত্ব পালন করছে। রাজ্য পুলিশও, বিএসএফ সহ বিভিন্ন কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে সমন্বয় রেখে নানা অপরাধমুলক কার্যকলাপ মোকাবেলা করছে। তিনি বলেন,

###########Byte##########

*****************************

**Awaas Week :**

ভারত সরকারের "প্রধানমন্ত্রী আবাস যোজনা" সূচনার অষ্টম বর্ষপূর্তি উপলক্ষ্যে "আবাস সপ্তাহ" উদযাপনের অঙ্গ হিসাবে এক অনুষ্ঠান আজ ঊনকোটি জেলার কুমারঘাটে অনুষ্ঠিত হয়। পঞ্চায়েত সমিতি হলে কর্মসূচির উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ তিনি বলেন, "সবার জন্য আবাসন" এই ভাবনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৬ সালে "প্রধানমন্ত্রী আবাস যোজনা" চালু করেন। এই যোজনা রূপায়নের মধ্য দিয়ে সুবিধাভোগীরা তাদের স্বপ্নের আবাস নির্মাণ করছেন। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলা প্রশাসনের উপ-সমাহর্তা সোমা দেব, ব্লকের B.D.O ডক্টর সুদীপ ভৌমিক প্রমুখ। এই উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরে ২৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন। তাছাড়া "আমার আবাস, শ্রেষ্ঠ আবাস" এই ভাবনায় কচিকাঁচাদের মধ্যে 'বসে আঁকো' প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়।

*************************

**Jatiyo jonojati dibos-Pragya Bhawan :**

রাজ্য সরকারের হস্ত তাঁত শিল্প ও রেশম চাষ দপ্তরের উদ্যোগে আজ প্রজ্ঞা ভবনে জাতীয় জনজাতি দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন পূর্বাশার চেয়ারম্যান তথা বিধায়ক কিশোর বর্মন, বিশিষ্ট জনজাতি ব্যক্তিত্ব নিমাই মুড়া সিং, পদ্মশ্রী স্মৃতিরেখা চাকমা প্রমুখ। বিধায়ক শ্রী বর্মন বলেন মূলতঃ দুটি পর্যায়ে অনুষ্ঠানটি করা হচ্ছে। প্রথমত জনজাতি গৌরব দিবস ও দ্বিতীয়ত হস্ত শিল্প ও রেশম চাষের সঙ্গে যুক্ত জনজাতি শিল্পীদের উৎসাহ প্রদান করা। তিনি বলেন কেন্দ্রীয় ও রাজ্য সরকার জনজাতি হস্ত শিল্প ও রেশম চাষের সাথে যুক্ত শিল্পীদের আত্মনির্ভরতার লক্ষ্যে বহু প্রকল্পের মাধ্যমে কাজ করে চলেছে। ফলে এখন তারা নিজেদের স্বাবলম্বী করে তুলতে সক্ষম হচ্ছে। তিনি বলেন, বহিঃরাজ্য সহ রাজ্যের বিভিন্ন পর্যটন কেন্দ্রে বাঁশবেতের তৈরি জিনিসপত্রের স্টল খোলার চেষ্টা করা হচ্ছে। রাজ্যের রেল স্টেশন

এবং বিমান বন্দরেও পূর্বাশার শিল্পীদের তৈরি জিনিসপত্র নিয়ে দোকান শুরু করার উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে চিফ মিনিস্টার ট্রাইবাল ওয়েলফেয়ার ডেভেলপমেন্ট প্রোগ্রামের উদ্বোধন করা হয়।

***************************

**BJP Jubo morcha-Namo Jubo Bike Rally :**

রাজ্যের যুব সমাজের মধ্যে নেশামুক্ত ত্রিপুরা নির্মাণের বার্তা পৌঁছে দিতে ভারতীয় জনতা যুব মোর্চা ত্রিপুরা প্রদেশের উদ্যোগে আয়োজিত নমো যুবা বাইক র‍্যালির আজ আগরতলায় এসে পৌঁছায়। এই বাইক র‍্যালিটি ধর্মনগর গিয়ে শেষ হবে। রেলিটি টাউন বড়দোয়ালী থেকে বিভিন্ন পথ পরিক্রমা করে হেরিটেজ পার্কের সামনে থেকে খয়েরপুরের দিকে রওনা হয়। উপস্থিত ছিলেন বিজেপি যুব মোর্চার সভাপতি সুশান্ত দেব, বিজেপি নেত্রী পাপিয়া দত্ত প্রমুখ। বিধায়ক তথা যুব মোর্চার সভাপতি সুশান্ত দেব বলেন, রাজ্যের একপ্রান্ত থেকে অন্য প্রান্তের যুব সমাজকে ঐক্যবদ্ধ করা প্রদেশ যুব মোর্চার একমাত্র লক্ষ্য। উল্লেখ্য, গত বুধবার সাব্রুমের মৈত্রী সেতুর সামনে থেকে এই রেলী শুরু হয়।

***************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার  ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**Lokmanthan 2024 :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ হায়দ্রাবাদে লোকমন্থন-২০২৪ এর উদ্বোধনী পর্বে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন যে ভারতের সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্য এবং ঐক্যের সূত্রকে শক্তিশালী করার জন্য এটি একটি প্রশংসনীয় প্রচেষ্টা। তিনি জোর দিয়ে বলেন যে সমস্ত নাগরিকদের অবশ্যই ভারতের সাংস্কৃতিক এবং বৌদ্ধিক ঐতিহ্য বুঝতে হবে এবং আমাদের অমূল্য ঐতিহ্যকে শক্তিশালী করতে হবে। রাষ্ট্রপতি বলেন, প্রাচীনকাল থেকেই ভারতীয় আদর্শের প্রভাব সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে। ভারতের ধর্মীয় বিশ্বাস, শিল্প, সঙ্গীত, প্রযুক্তি, চিকিৎসা ব্যবস্থা, ভাষা এবং সাহিত্য সারা বিশ্বে সমাদৃত হয়েছে। ভারতকে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তোলার জন্য নাগরিকদের মধ্যে 'নেশন ফার্স্ট'-এর অনুভূতি জাগানো অপরিহার্য বলে উল্লেখ করেন তিনি।

**************************

**Counting :**

আগামীকাল মহারাষ্ট্র ও ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচনের ভোট গণনা হবে। এই রাজ্যগুলির পাশাপাশি, ১৫টি রাজ্যের ৪৮টি বিধানসভা উপনির্বাচন এবং দুটি লোকসভা আসনের উপনির্বাচনের ভোটও আগামীকাল গণনা করা হবে।

উত্তর প্রদেশের নয়টি বিধানসভা কেন্দ্র, রাজস্থানের সাতটি, পশ্চিমবঙ্গের ছয়টি, আসামের পাঁচটি, বিহার ও পাঞ্জাবের চারটি, কর্ণাটকের তিনটি এবং কেরালা, মধ্যপ্রদেশ ও সিকিমের দুটি করে বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও, ছত্তিশগড়, গুজরাট এবং উত্তরাখণ্ডের একটি করে বিধানসভা আসনেও উপনির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

কেরালার ওয়ায়নাদ সংসদীয় কেন্দ্র এবং মহারাষ্ট্রের নান্দেদ সংসদীয় কেন্দ্রে উপনির্বাচন অনুষ্ঠিত হয়েছে। চলতি মাসের ১৩ ও ২০ তারিখে এই উপ-নির্বাচন অনুষ্ঠিত হয়।

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২৪শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৬তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

**************************

**AnandaBazar Agri-sector office :**

জুম চাষ নির্ভর জনজাতিদের আর্থিক সমৃদ্ধির লক্ষ্যে কাঞ্চনপুর মহকুমা কৃষি দপ্তর নানা সরকারি প্রকল্প বাস্তবায়ন করছে। সেই সঙ্গে প্রশাসনিক বিকেন্দ্রীকরণের মাধ্যমে জুমিয়া কৃষকদের কাছে সরকারি সুযোগ সুবিধা পৌঁছে দিতে আজ সূচনা হয় আনন্দবাজার কৃষি সেক্টর অফিস কার্যালয়ের। পাশাপাশি শীতকালীন রবি অভিযানের উপর এক কৃষক কর্মশালাও অনুষ্ঠিত হয় স্থানীয় টাউন হলে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এডিসির কৃষি ও বন দপ্তরের কার্যনির্বাহী সদস্য ভবরঞ্জন রিয়াং, এডিসি সদস্য শৈলেন্দ্র নাথ প্রমুখ। নতুন কৃষি সেক্টর অফিস চালু হওয়ার ফলে ঐ এলাকার জুমিয়া কৃষকদের যেকোনো কৃষি পরামর্শ বা সরকারি

সুযোগ সুবিধা নিতে দীর্ঘ ৪০ কিমি পথ অতিক্রম করে আর কাঞ্চনপুরে ছুটে যেতে হবে না। এখন থেকে ঘরের কাছেই জুমিয়া কৃষক পরিবারগুলি কৃষি সেক্টর অফিসের মাধ্যমে কৃষির প্রযুক্তিগত সহায়তা এবং সরকারি প্রকল্পের যাবতীয় সুযোগ গ্রহণ করতে পারবেন।

***************************

**SUCI :**

বিদ্যুৎ মাশুল, সিএনজি এবং পিএনজির মূল্য বৃদ্ধি ও দ্রব্য মূল্য বৃদ্ধির প্রতিবাদে SUCI রাজ্য কমিটির পক্ষ থেকে আজ বটতলায় বিক্ষোভ প্রদর্শন করা হয়। সেখানে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে সংগঠনের নেতৃবৃন্দ দ্রব্যমূল্য বৃদ্ধির অভিযোগ করে সরকারের সমালোচনা করেন।

**************************

**Mushtaq Ali :**

মুস্তাক আলী ট্রফি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের খেলা আগামীকাল থেকে ইন্দোরে শুরু হচ্ছে। এতে প্রথম খেলায় ত্রিপুরা ও তামিলনাড়ু পরস্পরের মুখোমুখি হবে। ত্রিপুরার গ্রুপে রয়েছে কর্ণাটক, গুজরাট, বরোদা, উত্তরাখণ্ড, সিকিম ও সৌরাষ্ট্র।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াস।

*****************************